

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৯.১৯.০০০৫.১৭.২৩৭

প্রজ্ঞাপন

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে তার নামের পার্শ্ব বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে পিএইচডি (পূর্ণকালীন) গবেষণা কোর্সে অধ্যয়নের লক্ষ্যে পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় নিম্নোক্ত শর্তে প্রেষণ মঞ্জুর করা হলো:

ক্র.	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম	প্রেষণের মেয়াদ
০১	জনাব মীর মোহাম্মদ মারুফ মিয়া (২৫৩২৬), সহকারী অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।	পিএইচডি (পূর্ণকালীন) শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। গবেষণার শিরোনাম: "অন্নদাশঙ্কর রায়ের প্রবন্ধ: সাহিত্য, শিক্ষা ও রাষ্ট্রভাবনা (Essays of Annadasankar Ray: Thoughts on Literature, Education and State)"	পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় ২৭-০১-২০২৬ তারিখ হতে ২৬-০১-২০২৭ তারিখ পর্যন্ত ০১ বছর।

শর্তসমূহ:

- উচ্চ শিক্ষা গ্রহণের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের/কোর্স পরিচালকের প্রত্যয়নপত্রসহ ০৬ মাস অন্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে;
- প্রেষণের মেয়াদ শেষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদানের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে; অন্যথায় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোর্সের বিষয়/শিরোনাম পরিবর্তন করতে পারবেন না;
- সৃষ্ট রিজার্ভ পদের বিপরীতে প্রাপ্যতা অনুযায়ী বেতন-ভাতাদি উত্তোলন করবেন; এবং
- কোর্স সম্পন্ন করে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ গবেষণা কর্মের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. উল্লেখ্য, প্রেষণকালীন তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন।

০৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬-০২-২০২৬

কাজী নুরুল ইসলাম

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৯.১৯.০০০৫.১৭.২৩৭/১ (৯)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪। উপসচিব, সরকারি কলেজ-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জনাব মীর মোহাম্মদ মারুফ মিয়া (২৫৩২৬), সহকারী অধ্যাপক (বাংলা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
- ৯। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।



(Handwritten Signature)

২৬-০২-২০২৬

কাজী নূরুল ইসলাম

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)